পবিত্র ঈদ-উল-আযহা ২০২০ (১৪৪১ হিজরী) উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : প্রিয়াংকা দেবী পাল, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

স্থান : উপজেলা পরিষদ, বড়াল সভা কক্ষ

তারিখ : ১৫ জুলাই ২০২০ খ্রি.

সময় : দুপুর ১২:০০ টা।

উপস্থিত সদস্যগণকে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২০ উদযাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভায় স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বাগাতিপাড়া উপজেলায় পবিত্র ঈদ-উল-আযহা যথাযোগ্য মর্যাদায়, ধর্মীয় ভাবগাম্ভীর্য, সৌহার্দ্যপূর্ণ ও উৎসবমূখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	সকল সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। স্ব-স্ব কর্তৃপক্ষ বা ভবনের মালিকগণ নিজ নিজ ব্যবস্থাপনায় জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা করবেন। জাতীয় পতাকার সঠিক রং, পরিমাপ এবং পতাকা সোজা ও শক্ত দন্ডের সাথে উত্তোলনের বিষয়টি সংশ্লিষ্ট সকলে নিশ্চিত করবেন।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ব্যক্তি
২	বাগাতিপাড়া উপজেলা পরিষদ কেন্দ্রীয় ঈদগাহ মাঠে প্রত্যেক বছর ঈদের জামাত অনুষ্ঠিত হয়। কিন্তু করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সমন্বয় শাখা, ঢাকা ১৪/০৭/২০২০ খ্রিঃ তারিখের নির্দেশনা মোতাবেক মুসল্লীদের জীবন ঝুঁকি বিবেচনা করে এ বছর ঈদ-উল-আযহা ২০২০ (১৪৪১ হিজরী) এর জামায়াত ঈদগাহ বা খোলা জায়গায় পরিবর্তে নিকটস্থ মসজিদে আদায় করতে হবে। প্রয়োজনে একই মসজিদে একাধিক জামায়াত আদায় করা যাবে। এ জন্য সকাল ৮.০০ ঘটিকায় ঈদের প্রধান জামাত উপজেলা জামে মসজিদে অনুষ্ঠিত হবে এবং উপজেলার অন্য সকল এলাকায় একইভাবে মসজিদে ঈদের জামাত অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় জামে মসজিদ পরিস্কার পরিচ্ছন্ন এবং সাজিয়ে রাখার জন্য এবং পৌর এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য মেয়র, বাগাতিপাড়া পৌরসভাকে অনুরোধ জানানো হলো। ঈদের নামাজের জামায়াতের সময় মসজিদে কার্পেট বিছানো যাবে না। নামাজের পূর্বে সম্পূর্ণ মসজিদে জীবাণুনাশক দ্বারা পরিস্কার করতে হবে। মুসল্লীগণ প্রত্যেকে নিজ নিজ দায়িত্বে জায়নামাজ নিয়ে আসবেন। প্রত্যেককে নিজ নিজ বাসা থেকে ওযু করে মসজিদে আসতে হবে এবং ওযু করার সময় কমপক্ষে ২০ সেকেন্ড সাবান দিয়ে হাত ধুতে হবে এবং মসজিদে ওযুর স্থানে সাবান/হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে। মসজিদের প্রবেশদ্বরের হ্যান্ড স্যানিটাইজার/হাত ধোয়ার ব্যবস্থাসহ সাবান-পানি রাখতে হবে। ঈদের নামাজের জামায়াতে আগত মুসল্লীকে অবশ্যই মাস্ক পরে মসজিদে আসতে হবে। মসজিদে সংরক্ষিত জায়নামাজ ও টুপি ব্যবহার করা যাবে না।	মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, সকল ইউপি চেয়ারম্যান এবং সভাপতি সকল মসজিদ কমিটি
৩	পশুর হাটসমূহে এবং মসজিদের নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষার জন্য অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানা কে অনুরোধ করা হলো।	অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানা
৪	গবাদিপশুতে ক্ষতিকারক স্টেরয়েড/হরমোন অপপ্রয়োগ করা হয়েছে কিনা তা নিরুপণের জন্য ভেটেনারী মেডিক্যাল টিম বাগাতিপাড়া উপজেলার সংশ্লিষ্ট গবাদি পশুর হাটে অবস্থান করবেন।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া
৫	নির্ধারিত স্থানে পশু জবাই সংক্রান্ত কর্মপরিকল্পনার আওতায় সকল ইউনিয়ন ও পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থান সমূহে পশু কোরবানী নিশ্চিত ও দ্রুততম সময়ের মধ্যে গঠিত কমিটিসমূহের মাধ্যমে বর্জ্য অপসারণ নিশ্চিত করার জন্য মেয়র ও ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হলো।	মেয়র/ইউপি চেয়ারম্যান (সকল)
৬	ঈদের পূর্ব দিন থেকে ঈদের পরের দিন পর্যন্ত জরুরী চিকিৎসার জন্য মেডিক্যাল টিম গঠন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হলো।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বাগাতিপাড়া
৭	হাসপাতাল ও এতিম খানায় ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশন করার জন্য অনুরোধ করা হলো।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ
৮	পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে পশুর হাট সমূহে অনেক টাকা লেনদেন হয়ে থাকে। কিছু অসাধু ব্যক্তি জাল নোটের ব্যবহার করে থাকে । এ বিষয়ে প্রচারণা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট হাটের ইজারাদারকে নির্দেশনা প্রদান করা হলো এবং জাল নোট সনাক্ত করে প্রশাসন কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।	অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানা/ সংশ্লিষ্ট ইজারাদার
৯	পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে পৌর এলাকায় অবস্থিত ইউ এন ও পার্কে অনেক দর্শনার্থীর সমাগম হবে। পৌরসভার পরিচ্ছন্ন কর্মী দ্বারা ইউএনও পার্ক পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য মেয়র, বাগাতিপাড়া পৌরসভাকে অনুরোধ করা হলো।	মেয়র, বাগাতিপাড়া পৌরসভা
১০	সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, পশু হাটে কত গুলো পশু ক্রয় বিক্রয় হয় তা তাদের উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হয়। কোরবানীর পশু হাটে কতগুলো পশু ক্রয় বিক্রয় হচ্ছে তার তথ্য ভেটেনারী টিম কে জানানোর জন্য সংশ্লিষ্ট ইজারাদারকে নির্দেশনা প্রদান করা হলো।	সংশ্লিষ্ট ইজারাদার

১১	ঈদের সময় মাদকের অবৈধ ব্যবহার যেন বৃদ্ধি না পায় এবং রাস্তাগুলোতে যাতে দ্রুত গতিতে মোটরসাইকেল চলাচল না করতে পারে তার ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানাকে অনুরোধ জানানো হয়।	অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানা
১২	পবিত্র ঈদ-উল-আযহা/২০২০ উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরে আবাসিক ভবন ও অফিসসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরার জন্য গ্রামপুলিশ (মহল্লাদার) পদায়ন করার সিদ্ধান্ত গৃহিত হলো।	সকল ইউপি চেয়ারম্যান, বাগাতিপাড়া, নাটোর
১৩	পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে উপজেলা পরিষদের বিভিন্ন অফিস এবং গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ আলোকসজ্জা করার প্রস্তাব উপস্থাপন হলেও আগামী ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে শোকের মাসে তা বাস্তবায়ন না করার জন্য উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানগণ

১৩। এছাড়াও পবিত্র ঈদ-উল-আযহা যথাযথভাবে উদযাপনের বিষয়টি সার্বিক মনিটরিং করার জন্য নিম্নোক্তভাবে ভিজিলেন্স টিম গঠন করা হলো।

১	অফিসার ইনচার্জ (তদন্ত), বাগাতিপাড়া মডেল থানা	আহবায়ক
২	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাগাতিপাড়া	সদস্য
৩	ইউপি চেয়ারম্যান (সকল), বাগাতিপাড়া, নাটোর	সদস্য
৪	আহবায়ক, বাগাতিপাড়া উপজেলা প্রেস ক্লাব	সদস্য

১৪। বাগাতিপাড়া উপজেলার বর্জ্য ব্যবস্থাপনার স্থান নির্বাচনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।

১	উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর	আহবায়ক
২	ইউপি চেয়ারম্যান (সকল), বাগাতিপাড়া, নাটোর	সদস্য
৩	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাগাতিপাড়া	সদস্য
৪	আহবায়ক, বাগাতিপাড়া উপজেলা প্রেস ক্লাব	সদস্য

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে পবিত্র ঈদ-উল-আযহা এর আগাম শুভেচ্ছা ও মোবারকবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(প্রিয়াংকা দেবী পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।
http//:bagatipara.natore.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৪৩.৬৯০৯.০০০.১২.০৩৭.২০. ৫৩১/১

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৭ / ১৫ জুলাই ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

১। মাননীয় সংসদ সদস্য, ৫৮, নাটোর-০১ (লালপুর-বাগাতিপাড়া)।
২। জেলা প্রশাসক, নাটোর।
৩। পুলিশ সুপার, নাটোর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
৫। মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, নাটোর।
৬। চেয়ারম্যান....................................ইউপি, বাগাতিপাড়া, নাটোর।
৭। উপজেলা.....................................কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর।
৮। ....
....বাগাতিপাড়া, নাটোর।
৯। অফিস কপি।

(প্রিয়াংকা দেবী পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর
ফোন নং- ০৭৭২২-৭২০০১
ই-মেইল- unobagatipara@mopa.gov.bd